

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবির সঙ্গে তুরস্কের আনাদোলু বিশ্ববিদ্যালয়ের
ইনস্টিটিউশনাল এগ্রিমেন্ট স্বাক্ষর**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আনাদোলু বিশ্ববিদ্যালয়ের ইরাসমাস প্লাস ইনস্টিটিউশনাল এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়েছে। আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর ২০২৪) নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবরেশন সেন্টারের (আইসিসিসি) উদ্যোগে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার কার্যালয়ে নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। আনাদোলু বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেট্টর অধ্যাপক ড. কেমাল সেনোসাক।

এসময় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এই চুক্তির ফলে উভয় বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে অংশীদারিত্বের ভিত্তিতে একযোগে কাজ করবে এবং এই সহযোগিতামূলক চেষ্টায় উভয় বিশ্ববিদ্যালয় উপকৃত হবে। আমি আশা করি এই ইরাসমাস প্লাস চুক্তি নোবিপ্রবির একাডেমিশিয়ান, বিজ্ঞানী এবং গবেষকদের জন্য তুরস্কের আনাদোলু বিশ্ববিদ্যালয়ের সাথে নিবিড়ভাবে কাজ করার দ্বার উন্মোচন করবে। এছাড়াও বিজ্ঞান, প্রকৌশল, ব্যবসা ইত্যাদি ক্ষেত্রে যৌথ সহযোগিতামূলক গবেষণার পথ সুগম হবে।

এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা, ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবরেশন সেন্টারের (আইসিসিসি) অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ রকনুজ্জামান সিদ্দিকী, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক উকিল হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, প্রক্টর এ. এফ. এম আরিফুর রহমান, রেজিস্ট্রার মোহাম্মদ তামজীদ হোছাইন চৌধুরী প্রমুখ।

উল্লেখ্য, বৈশ্বিক পরিস্থিতিতে এ চুক্তি নোবিপ্রবির শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ, একাডেমিক ও গবেষক এক্সচেঞ্জ, স্টাডি মবিলিটি, বৃত্তি, সাংস্কৃতিক ও ভাষাগত অভিজ্ঞতা, পেশাগত নেটওয়ার্কিং ও বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক মান উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪